# বাংলা

## ৫০তম বিসিএস লিখিত পরীক্ষা

সুরমা

**বাংলা**

বিষয় কোড : ০০১

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৫×৬ = ৩০

(ক) ছয়টি 'খাঁটি বাংলা' উপসর্গযোগে ছয়টি শব্দ গঠনপূর্বক উপসর্গসমূহ কী অর্থে প্রযুক্ত হয়েছে, তা লিখুন।

(খ) নিচের শব্দগুলোতে কেন ই-কার অথবা ঈ-কার ব্যবহৃত হয়েছে? ব্যাখ্যা করুন।
জাপানি, কাঙালিনী, অপরাধী, উৎসাহী, প্রতিযোগী, চাচি

(গ) **লক্ষ্য, লক্ষ এবং উপলক্ষ্য ব্যবহার করে নিচের শূণ্যস্থানগুলো পূরণ করুন :**
_____ করে দেখলাম, _____ _____ টাকায় জীবনের _____ পূরণ হয় না। কেবল অর্থ উপার্জন জীবনের _____ তো নয়ই, _____ করাও ঠিক নয়।

(ঘ) বানানরীতি জানার প্রয়োজনীয়তা কী? বাক্যে কী, কি এবং না, নি ব্যবহারবিধি উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ঙ) **উপযুক্ত প্রবাদের সাহায্যে শূন্যস্থান পূরণ করুন :**

(i) প্রকৃত সৎ ব্যক্তিদের _____ হয় না।

(ii) মারামারি করেছ, দুজনেই সমান দোষী, কারণ _____।

(iii) ভাইয়ে ভাইয়ে ঝগড়া করো না, জানোই তো _____।

(iv) সেদিন সবার সামনে অপমান করলে, আজ বাসায় দাওয়াত দিচ্ছো, এ যে _____।

(v) ওর মতো খারাপ মানুষকে সুপরামর্শ দেওয়া আর _____ একই কথা।

(vi) আজকাল কাউকেই বিশ্বাস করা যায় না, কারণ ____।

২. **ভাবসম্প্রসারণ করুন :** ২০
প্রীতিহীন হৃদয় আর প্রত্যয়হীন কর্ম দুই-ই অসার্থক।

৩. **সারমর্ম লিখুন :** ২০

এ দুর্ভাগ্য দেশ হতে হে মঙ্গলময়,
দূর করে দাও তুমি সর্ব তুচ্ছ ভয়–
লোকভয়, রাজভয়, মৃত্যুভয় আর।
দীনপ্রাণ দুর্বলের এ পাষাণভার,
এই চিরপেষণযন্ত্রণা, ধূলিতলে
এই নিত্য অবনতি, দণ্ডে পলে পলে
এই আত্ম-অবমান, অন্তরে বাহিরে
এই দাসত্বের রজ্জু, ত্রস্ত নতশিরে
সহস্রের পদপ্রান্ততলে বারম্বার
মনুষ্যমর্যাদাগর্ব চিরপরিহার–
এ বৃহৎ লজ্জারাশি চরণ-আঘাতে
চূর্ণ করি দূর করো। মঙ্গলপ্রভাতে
মস্তক তুলিতে দাও অনন্ত আকাশে
উদার আলোক-মাঝে, উন্মুক্ত বাতাসে।

৪. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** ৫×৬ = ৩০

(ক) সমাজ-সংস্কারক হিসেবে বেগম রোকেয়ার অবদান আলোচনা করুন।

(খ) 'সাঁঝের মায়া' কবিতায় বর্ণিত জীবন ক্যানভাসের ব্যাকুলতার চিত্রকল্প অঙ্কন করুন।

(গ) 'ময়মনসিংহ গীতিকা'-এর সমালোচনামূলক মূল্যায়ন করুন।

(ঘ) লৌকিক ধারার প্রথম কবি ও তার কাব্যের পরিচয় দিন।

(ঙ) বাংলা সাহিত্যের প্রাচীনযুগ, মধ্যযুগ ও আধুনিক যুগের সাহিত্যের মৌলিক পার্থক্যগুলো লিখুন।

তিস্তা

**বিষয় কোড : ০০২**

**সময় : ৪ ঘণ্টা**

**পূর্ণমান : ২০০**

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন :** ৫×৬ = ৩০

(ক) শব্দ গঠনের নিচের প্রক্রিয়াগুলো উদাহরণসহ ব্যাখ্যা করুন :
খণ্ডিতকরণ, মুণ্ডমাল, কৃতঋণ, পশ্চাৎসৃজন, প্রত্যয়ীকরণ, যৌগিকীকরণ

(খ) নিচের বাগধারাগুলোর প্রত্যেকটির সমার্থক অন্য একটি বাগধারা লিখুন ও বাক্যে প্রয়োগ করুন :

(i) গঙ্গাজলে গঙ্গাপূজা

(ii) গরু না বিয়োতেই ঘিয়ের সর

(iii) বিয়ে ফুরালে ছাদনাতলায় লাথি

(iv) বাজারে আগুন লাগলে পীরের ঘর মানে না

(v) হরি বাঁচান প্রাণ, বৈদ্যের বাড়ে মান

(vi) মরা কাকের আবার চড়কের ভয়।

(গ) খণ্ডবাক্য ও আশ্রিত খণ্ডবাক্য কী? উদাহরণসহ লিখুন।

(ঘ) **নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন :**

(i) বিবিধ প্রকার জিনিস কিনলাম।

(ii) সে আজকাল ভয়ানক সুখে আছে।

(iii) তোমাকে একটি গোপন কথা বলব।

(iv) নূতন নূতন ছেলেগুলি স্কুলে খুব উৎপাত করছে।

(v) সমৃদ্ধিশালী বাংলাদেশ আমাদের একান্তভাবেই কাম্য।
(vi) সমুদ্রের প্রাকৃতিক বৈচিত্রতা ও সৌন্দর্য্য মানুষকে মুগ্ধ করে কী?

(ঙ) **নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করুন :**
(i) ফটিক বলল, 'এখন আমার ছুটি হয়েছে।' (পরোক্ষ)
(ii) মোটা হলেও তার গায়ে শক্তি নেই। (যৌগিক)
(iii) অচিরেই তাদের ভুল ভাঙে। (নেতিবাচক)
(iv) না মহারাজ, তিনি আশ্রমে নেই। (অস্তিবাচক)
(v) আমাদের দেশ সুন্দরভাবে এগিয়ে যাচ্ছে। (বিস্ময়বোধক)
(vi) একলা যেতে ভয় করবে কি না জানতে চাই। (প্রশ্নবোধক)

২. **ভাবসম্প্রসারণ করুন :** ২০

শক্তি যার নাই নিজে বড়ো হইবারে
বড়োকে করিতে ছোটো তাই সে কি পারে?

৩. **সারাংশ লিখুন :** ২০

শ্রমকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করো। কালি-ধুলার মাঝে, রৌদ্র-বৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ায় পাখার তলে থাকবার কোনো দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের ভিতর কুবুদ্ধি, কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরের সামর্থ্য জন্মে; স্বাস্থ্য, শক্তি, আনন্দ, স্ফূর্তি সকলই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয়, তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার কোনো প্রয়োজন হয় না। শুধু চিন্তার দ্বারা জগতের হিতসাধন হয় না। শুধু চিন্তা করে মানুষ পূর্ণ জ্ঞান লাভ করতে সমর্থ হয় না। মানবসমাজে মানুষের সঙ্গে কাজে, রাস্তায়, কারখানায় ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে। চিন্তা ও পুস্তক মানব মনের পাপড়ি খুলে দেয় মাত্র, বাকি কাজ সাধিত হয় সংসারের কর্মক্ষেত্রে।

৪. **নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন :** ৫ × ৬ = ৩০

(ক) 'সাহিত্যের বিষয়বস্তু যা-ই হোক, শিল্পীর প্রকাশশৈলীর ধরন ও ভঙ্গি অনুযায়ী তার চরিত্র নির্ধারিত হয়'– উক্তিটির যথার্থতা ব্যাখ্যা করুন।
(খ) বাংলা টপ্পা গানের উৎপত্তি সম্পর্কে আলোচনা করুন।
(গ) 'আজি ভুসুকু বাঙ্গালী ভইলী, নিঅ ঘরিনী চন্ডালে লেলী'– পদকর্তার মনস্তত্ত্ব ব্যাখ্যা করুন।
(ঘ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে পুতুল কারা? কেন?
(ঙ) মুক্তিযুদ্ধ-পরবর্তী বাংলাদেশের ছোটোগল্প সম্পর্কে ধারণা দিন।

৫. **বাংলায় অনুবাদ করুন :** ১৫

Economic development is often measured through indicators such as income growth and industrial expansion, but these figures do not always reflect the real quality of human life. Rapid growth may increase national wealth while leaving large sections of the population marginalized. Environmental degradation and social inequality frequently accompany unchecked development. When progress is defined only in economic terms, human welfare tends to be overlooked. A more balanced approach is, therefore, necessary.

৬. 'বাংলা ভাষা প্রচলন আইন, ১৯৮৭'–এর গুরুত্ব ও বাস্তবায়ন সম্পর্কে দুজন সচেতন নাগরিকের মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করুন। ১৫

৭. 'কিশোর গ্যাং' প্রতিরোধের প্রয়োজনীয়তা উল্লেখ করে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র লিখুন। ১৫

৮. নিচের যে-কোনো একটি গ্রন্থের সমালোচনামূলক বিশ্লেষণ করুন। ১৫

(ক) লালসালু (খ) সূর্য দীঘল বাড়ী (গ) সারেং বৌ

৯. 'অপসংস্কৃতি ও আমাদের যুবসমাজ' শীর্ষক একটি প্রবন্ধ রচনা করুন। ৪০